ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৬১৪

পানিসাগর, ৬ নভেম্বর, ২০২৫

**পানিসাগরে মহারাস লীলা উৎসব অনুষ্ঠিত**

পানিসাগর দেওছড়া মহারাসলীলা কমিটির উদ্যোগে এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগীতায় গতকাল পানিসাগর মহকুমার অন্তর্গত দেওছড়াস্থিত রাধামাধব মন্দির প্রাঙ্গনে মহারাস লীলা উৎসব অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন বিশিষ্ট সমাজসেবী প্রদীপ দেববর্মা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মহারাসলীলা কমিটির সভাপতি সন্দীপন শর্মা। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমাজসেবী প্রতাপ সিনহা, সমাজসেবী পরিমল দেবনাথ, সমাজসেবী তমজিত নাথ, সমাজসেবী দীপক সিনহা। অনুষ্ঠানে স্থানীয় শিল্পীগণ সারারাত ব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন।

*****